দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 DE -199[illegible]
পৃষ্ঠা [illegible] কলাম 7

# প্রকাশিত সংবাদ সম্পর্কে ব্যাখ্যা

দৈনিক জনকণ্ঠে গত ৬ ডিসেম্বর 'আমলাতন্ত্রের আবর্তে পুনর্বাসন কর্মসূচী শীর্ষক প্রতিবেদনের ব্যাখ্যা দিয়েছে' শিক্ষা মন্ত্রণালয়।

ব্যাখ্যায় বলা হয়েছে, প্রতিবেদনটির তথ্য সত্য নয়। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসনের জন্য ৪০ কোটি টাকা ব্যয়ে যে প্রকল্প সারপত্র তৈরি করা হয়েছিল তা অনুমোদনের জন্য ৫০টি জেলার ৩২৮টি থানার ৪ হাজার ১২৪টি প্রতিষ্ঠান ১৯ কোটি ৫০ লাখ ৪০ হাজার টাকা বরাদ্দ প্রস্তুত করা হয়েছিল। প্রকল্প সারপত্র অনুমোদিত হওয়ার সঙ্গে সঙ্গে ২০ কোটি টাকা অবমুক্ত করে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অনুকূলে অর্থ বরাদ্দ করা হয়েছে।

অন্যদিকে প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২৫৩টি থানার ১৩ হাজার ৪৮৬টি প্রতিষ্ঠানে ১৯ কোটি ২৪ লাখ ২৬ হাজার ৫শ' টাকা বরাদ্দ করা হয়। এটি চলমান প্রক্রিয়া। প্রতিদিনই থানা শিক্ষা কমিটির কাছ থেকে তথ্য ফরম পাওয়া মাত্রই মেরামতের জন্য অর্থ বরাদ্দ করা হচ্ছে। তবে যেসব শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদী পুনর্গঠন কাজের আওতায় আনা হয়েছে, সেসব প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মসূচীও দ্রুত গতিতে এগিয়ে চলছে।